

QP Code: 22/PT/1/VIIC

স্নাতকোত্তর পাঠক্রম ( P.G. )

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা ( Term End Examination ) : জুন, ২০২২ / ডিসেম্বর, ২০২২

বাংলা ( Bengali )

সপ্তম পত্র-গ (7C Paper : BANGLADESHER SAHITYA )

সময় : চার ঘন্টা

পূর্ণমান : ১০০

Time : 4 hours

Full Marks : 100

( মানের গুরুত্ব : ৮০% )

( Weightage of Marks : 80% )

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সুচিত আছে।

**Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting.**

**The figures in the margin indicate full marks.**

১. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ৪৫০ শব্দে ) : ১৮ × ২ = ৩৬
- ক) 'বাংলাদেশের সাহিত্য'-র যুগবিভাজন করে দেখান কীভাবে বাংলা সাহিত্যের মূল ধারা থেকে বিচ্ছিন্ন হয়ে বাংলাদেশের সাহিত্য স্বতন্ত্র ধারা হিসাবে আত্মপ্রকাশ করল।
- খ) স্বাধীনতার আকাঙ্ক্ষা কবি শামসুর রহমানের কবিতায় কীভাবে শিল্পিত হয়ে উঠেছে সে বিষয়ে আলোকপাত করুন।
- গ) পাঠক তথা মানুষের জীবনে সাহিত্যের ভূমিকা বা গুরুত্ব কতদূর অবধি বিস্তৃত — আবুল ফজলের 'সাহিত্যের পথ ও সাধনা' প্রবন্ধ অবলম্বনে তার পরিচয় দিন।
- ঘ) 'কবর' নাটকটির উৎস ও সমকালীন রাজনৈতিক পটভূমির পরিচয় দিন।
২. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ৩০০ শব্দে ) : ১২ × ৩ = ৩৬
- ক) 'ক্রীতদাসের হাসি' উপন্যাসের কাহিনিবৃত্ত বিশ্লেষণ করে উপন্যাসটির নামকরণের সার্থকতা আলোচনা করুন।
- খ) চর্যাপদ-সমকালীন দেশ ও সমাজ প্রতিবেশকে 'নীল ময়ূরের যৌবন' উপন্যাসে কীভাবে ঔপন্যাসিক প্রতিষ্ঠিত করেছেন যুক্তিসহ লিখুন।
- গ) বাস্তবতা ও কল্পনাসর্বস্বতা কীভাবে সাহিত্যকে নিয়ন্ত্রণ করে, 'সাহিত্যের স্বরূপ' প্রবন্ধ অবলম্বনে বিশ্লেষণ করুন।

- ঘ) হুমায়ুন আজাদের 'বিশ্বাসের জগত' প্রবন্ধটিতে 'বিশ্বাস'-এর ইতিবাচক ও নেতিবাচক যে-দিকগুলির প্রতি প্রাবন্ধিক গুরুত্ব দিয়েছেন, সেগুলির তাৎপর্য বিচার করুন ।
- ঙ) 'কি চাহ শঙ্খচিল' নাটক অবলম্বনে রৌশনারার জীবনের ট্রাজেডির স্বরূপ বিশ্লেষণ করুন ।
- চ) 'একটি তুলসীগাছের কাহিনী' গল্পে তুলসীগাছ কিসের প্রতীক ? গল্পের এরকম নামকরণের কারণ কী ? যুক্তিসহ আলোচনা করুন ।
৩. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ১৫০ শব্দে ) : ৭ × ৪ = ২৮
- ক) "জয় করে দেখি আমি, কেবলই আমার মধ্যে যেন এক  
শিশু আর পশুর বিরোধ ।"  
— সপ্রসঙ্গ ব্যাখ্যা করুন ।
- খ) "মড়া ছাড়া তোমাদের কিছুই রোচে না ।  
তোমাদের হিসেবী খাতায়  
বীর নেই, শহীদ রয়েছে শুধু ।"  
— উদ্ধৃতিটির মর্মার্থ বিশ্লেষণ করুন ।
- গ) "মোল্লা শকুনি লয় তো ? বোধহয় মোড়ল শকুনি ।" — এ কথা বলার তাৎপর্য কী ?
- ঘ) "বিশ্বাসের পাথরে যেন খোদাই সে চোখ ।" — কার সম্বন্ধে কেন একথা বলা হয়েছে ? ১ + ৬
- ঙ) "কেবল তুই আমার কানু হতে পারলি না নদী !" — এ কথার তাৎপর্য কী ?
- চ) "ইতিহাসে এই ধরনের গুণগত পরিবর্তনের ফলে আবির্ভাব ঘটে দাস প্রথার পর সামন্ত প্রথার এবং সামন্ত প্রথার পর পুঁজিবাদী প্রথার ।" পুঁজিবাদী প্রথা কীভাবে শ্রেণিবিভক্ত সমাজে সর্বশেষ প্রাতিষ্ঠানিক পর্যায় ওঠে, যুক্তিসহ বিশ্লেষণ করুন ।
- ছ) আরবি হরফে বাংলা লেখার প্রস্তাব কে করেছিলেন ? আর কে এই প্রস্তাবের বিরোধিতা করেন এবং কেন ? ১ + ১ + ৫
- জ) 'পরজন্ম' গল্পে কাজেম আলীর একাকীত্ব শেষ পর্যন্ত কীভাবে কেটেছিল, সপ্রসঙ্গ ব্যাখ্যা করুন ।